

প্রযুক্তির নাম: সাতক্ষীরা এলাকায় প্রচলিত পতিত-বোরো-রোপা আমন ধান ফসল বিন্যাসের পরিবর্তে বিকল্প ও লাভজনক মটরশুঁটি-বোরো-রোপা আমন ধান ফসল বিন্যাসের প্রবর্তন



বিস্তারিত বিবরণ

প্রযুক্তির উপযোগিতা	: দেশের মাঝারি-মাঝারি উঁচু জমিসহ দেশের কৃষি পরিবেশ অঞ্চল ১১ এর অনুরূপ অঞ্চল উদ্ভাবনের বছর: ২০১৭-২০২০			
প্রযুক্তি ব্যবহারের তথ্য	: বিষয়	ফসল বিন্যাসের বিবরণ		
	ফসল	মটরশুঁটি	বোরো	রোপা আমন
	জাত	বারি মটরশুঁটি-৩	ব্রি ধান-২৮	বিনা ধান-৭
	বপন/রোপনের সময়	৩-১১ নভেম্বর	৭-১৩ ফেব্রুয়ারি	২-১৩ আগস্ট
	বপন/রোপন দূরত্ব (সেমি)	৩০ x অবিরত	২০ x ১৫	২০ x ১৫
	সারের মাত্রা (কেজি/হেক্টর)			
	ইউরিয়া	১০০	৩০০	১৭০
	টিএসপি	১৫০	৯৮	৭০
	এমওপি	১০০	১৬৫	১০০
	জিপসাম	৫০	১১৪	-
	জিংক সালফেট	-	২১	-
	বরিক এসিড	-	-	-
	গোবর সার	-	-	-
	সার প্রয়োগ পদ্ধতি	অর্ধেক ইউরিয়া সার এবং অন্যান্য সার শেষ চাষের সময় এবং অর্ধেক ইউরিয়া ফুল আসার সময় উপরি প্রয়োগ করতে হবে	ইউরিয়া ব্যতিত অন্যান্য সকল সার শেষ জমি প্রস্তুতের সময় এবং ইউরিয়া সমান দুই কিসিমতে রোপনের ১৫-২০ এবং ৩০-৩৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে	ইউরিয়া সার সমান তিন কিসিমতে রোপনের ১০-১৫ দিন, ২৫-৩০ দিন এবং ৪০-৪৫ দিন পর প্রয়োগ করতে হবে।
ফসল উত্তোলনের সময়কাল	২৫ জানুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি	৮ থেকে ১২ মে	২৫ অক্টোবর থেকে ৬ নভেম্বর	
প্রযুক্তি হতে ফলন	: ফলন (টন/হেক্টর)	৮.৭৩	৬.৮২	৫.৮২
	লাভক্ষতির বিবরণ	মোট আয় : ৫,২৬,০১১/- উৎপাদন ব্যয়: ২,৬৪,৫৮৯/- মোট মুনাফা: ২,৬১,৪২২/-		

প্রযুক্তির বৈশিষ্ট্য

সাতক্ষীরা জেলার প্রধান শস্য বিন্যাস হলো পতিত-বোরো-রোপা আমন ধান, যা উক্ত জেলার মোট আবাদি জমির প্রায় ৩৩% (৬২,২৫০ হেক্টর)। এ বিশাল এলাকায় আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে সহজেই স্বল্প জীবনকাল (৬৫-৭০ দিন) ও উচ্চফলনশীল বারি মটর শুঁটি (১২-১৪ টন/হেক্টর) চাষাবাদ করা যায়। ফলে একদিকে যেমন ফসলের নিবিড়তা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে, অপরদিকে স্বল্প উৎপাদন খরচে কৃষকগণ আর্থিকভাবে লাভবান হবেন। প্রচলিত ফসল বিন্যাসের পরিবর্তে বিকল্প ফসল ধারা মটরশুঁটি- বোরো-রোপা আমন ধান চাষাবাদে প্রায় ৬০% বেশী ধানের তুল্য ফলন পাওয়া যায় (২৯.৯২ টন/হেক্টর/বছর) এবং প্রায় ৭৩.৮২% বেশী মুনাফা পাওয়া যায়।